গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

নং- ৫১.০১.০০০০.০০৪.০১.০৫১.২৫.৫৪৮ তারিখ : ১৭-১২-২০২৫ খ্রি.

বিষয় : **০৮-১২-২০২৫ খ্রি. তারিখের দুর্যোগব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ১৩তম হতে ২০তম গ্রেডভুক্ত ০৮ (আট) ক্যাটাগরির ১৮৮ (একশত আটাশি)টি শূন্যপদে জনবল নিয়োগের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণের লক্ষ্যে বিগত ০৮-১২-২০২৫ খ্রি. তারিখের দৈনিক যুগান্তর এবং The Business Standard পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। দৈনিক যুগান্তর পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তিটি নির্ভুলভাবে প্রকাশিত হলেও The Business Standard পত্রিকায় ভুলক্রমে বয়সসীমা নির্ধারণের তারিখ ০১-১২-২০২৫ এর স্থলে ০৯-০১-২০২৬ প্রকাশিত হয়। এমতাবস্থায়, টেলিটকের মাধ্যমে সঠিক বয়স মোতাবেক আবেদনের নিমিত্ত সর্বশেষ বয়সসীমা নির্ধাণের জন্য ০১-১২-২০২৫ তারিখ সফট্ওয়্যার বা অনলাইন সিস্টেমে ব্যবহার করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: নিয়োগ বিজ্ঞপ্তি- ০৩ (তিন) পাতা।

১৭/১২/২০২৫

(তৌহিদ এলাহী)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-২)
ও সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
ফোন : ০২-০০০০৮৬০১৭

ব্যবস্থাপনা পরিচালক
টেলিটক বাংলাদেশ লিমিটেড
রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা)
হোল্ডি নং- ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭
গুলশান-১, ঢাকা-১২১২।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। জনাব আশিকুর রহমান, প্রোগ্রামার, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডি নং- ৩/৩, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২।
২। জনাব হাসান শাহরিয়ার, সহকারী ম্যানেজার, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডি নং- ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং- ১৭, গুলশান-১, ঢাকা-১২১২।
৩। জনাব স্বাগতম কুমার সাহা, এক্সিকিউটিভ, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডি নং-৩/এ, ৫/এ. ৭/এ, রোড নং- ১৭, গুলশান-১, ঢাকা-১২১২। ৩।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ,কে খন্দকার রোড
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০০৪.০১.০৫০.২৫.৫২৪ তারিখ : ০৪ -১২-২০২৫ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.৪১০.১১.০০৩.২০-১৪৯, তারিখ: ৩০-১০-২০২৫ খ্রি. এবং ৫১.০০.০০০০.৪১০.১১.০০৩.২০-১৬১ , তারিখ: ২৬-১১-২০২৫ মোতাবেক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রাজস্ব খাতভূক্ত নিম্নবর্ণিত ১৩তম হতে ২০তম গ্রেডভূক্ত শূন্য পদে সরাসরি নিয়োগের মাধ্যমে অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে https://ddmr.teletalk.com.bd অনলাইন (Online)-এ আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাঃবেঃস্কেল, ২০১৫)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১.	কম্পিউটার অপারেটর গ্রেড : ১৩ ১১,০০০-২৬,৫৯০/-	০১ (এক) টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	
২.	ক্যাশিয়ার গ্রেড : ১৪ ১০,২০০-২৪৬৮০/-	০২ (দুই) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রি;	
৩.	ওয়্যারলেস অপারেটর (বেতার যন্ত্রচালক) গ্রেড : ১৫ ৯,৭০০-২৩,৪৯০/-	১৯ (উনিশ) টি	সরকার অনুমোদিত টিএন্ডটি ইনস্টিটিউট হতে প্রশিক্ষণ সার্টিফিকেট / কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	
৪.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড: ১৬ ৯,৩০০-২২৪৯০/-	১১৮ (একশত আঠারো) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। (গ) কম্পিউটার মুদ্রাক্ষরিকের গতি প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ, ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে।	
৫.	সার্ভেয়ার গ্রেড : ১৬ ৯,৩০০-২২,৪৯০/-	০২ (দুই) টি	কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষাসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে জরিপে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ।	
৬.	গাড়িচালক গ্রেড : ১৬ ৯,৩০০-২২,৪৯০/-	১১ (এগার) টি	৮ম শ্রেণি/জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনার ৩ (তিন) বছরের অভিজ্ঞতা।	
৭.	অফিস সহায়ক গ্রেড : ২০ ৮,২৫০-২০,০১০/-	১৭ (সতের) টি	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
৮.	নিরাপত্তা প্রহরী গ্রেড : ২০ ৮,২৫০-২০,০১০/-	১৮ (আঠার) টি	৮ম শ্রেণি/জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	

অনলাইনে আবেদন করার ক্ষেত্রে প্রার্থীদের নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে :

০১. (ক) ০১-১২-২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
(খ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শুধুমাত্র ৪নং ক্রমিকের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ২ (দুই) বছর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত প্রার্থীগণ বিভাগীয় প্রার্থী হিসেবে গণ্য হবেন।
(গ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়, জেলা ও উপজেলা কার্যালয়ে চাকুরিরত কর্মচারী বিভাগীয় প্রার্থীর সকল শর্ত পূরণ সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে আবেদন করতে পারবেন। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তির ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

০৩ এ নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণ বিষয়ে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুসরণ করা হবে।

০৪. **আবেদন করার সময়সীমা :**

i. Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১০-১২-২০২৫ খ্রি. সকাল ১০:০০ টা হতে।
ii. Online-এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় : ০৯-০১-২০২৬ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত।
iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোনো Teletalk Pre-paid mobile থেকে এসএমএস করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

০৫. Online **এ আবেদন পত্র পূরণের নিয়মাবলী :**

(ক) প্রার্থীগণ https://ddmr.teletalk.com.bd ওয়েব সাইটে প্রবেশ করে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করে অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ, মুক্তিযোদ্ধার, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীদের প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিতে হবে।

(ঙ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

০৬. SMS **প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং- ০১ হতে ০৬ পর্যন্ত ১০০/- টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- টাকা মোট ১১২/- টাকা এবং ক্রমিক নং- ০৭ হতে ০৮ পর্যন্ত ৫০/- টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- টাকা মোট ৫৬/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা সরকারি কোষাগারে জমা করার নিমিত্ত ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

SMS **প্রেরণের নমুনা :**

প্রথম SMS : **DDMR**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: *DDMR ABCDEF*

Reply: Applicant's Name, Tk. 112 / Tk. 56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DDMR<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DDMR<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DDMR YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DDMR Application for xxxxxxxxxxxxx *User ID is (ABCDEF) and Password* (xxxxxxxx).

০৭. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** https://ddmr.teletalk.com.bd **অথবা** www.ddm.gov.bd **এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে** (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করা বাঞ্ছনীয়।**

০৮. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান বা ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থীকে এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

০৯. প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সকল কাগজপত্রের এক সেট সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ।

(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে দক্ষতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)

(গ) চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখসহ) জাতীয়তা সনদপত্র।

(ঘ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। এছাড়া মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর সভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ন পত্র।

(ঙ) প্রার্থীর (যদি থাকে) এবং তার পিতা, মাতার জাতীয় পরিচয় পত্র।

(চ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

১০. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে: DDMR**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: DDMR HELP USER ABCDEF

ii. **PIN Number জানা থাকলে: DDMR**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: DDMR HELP PIN 12345678

১১. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.ddm.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১২. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd এ ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: DDMR Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৩. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।

১৫. লিখিত/ব্যবহারিক/মৌখিক/অন্য কোনো পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

১৬. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৭. উপরিউক্ত শর্তাবলীর যে কোনো অংশ সংশোধন/সংযোজনসহ যে কোনো আবেদনপত্র গ্রহণ/বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ প্রদান করা হলো।**

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

07/12/2025
(তৌহিদ এলাহী)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-২)
ও সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

স্মারক নং-৫১.০১.০০০০.০০৪.০১.০৫০.২৫.৫২৪

তারিখ : ০৪ -১২-২০২৫ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। পরিচালক,..(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। জেনারেল ম্যানেজার (জিএম), টেলিটক বাংলাদেশ লিমিটেড, গুলশান-১, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [বিজ্ঞপ্তিটি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধসহ]।
৮। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [বিজ্ঞপ্তিটি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধসহ]।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০। নোটিশ বোর্ড, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১। নোটিশ বোর্ড, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

07/12/2025
(তৌহিদ এলাহী)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-২)
ও সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি